



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ/১৭/২০২০(খন্ড-১)/২৩২

তারিখ: ২৩.০৬.২০২৪ খ্রি.

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের উপবৃত্তি ও টিউশন ফির অর্থ উত্তোলন প্রসঙ্গে।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় জুলাই-ডিসেম্বর/২৩ এবং জানুয়ারি-জুন/২০২৪ কিস্তির উপবৃত্তি ও টিউশন ফি'র অর্থ বিতরণ কার্যক্রম আগামী ২৪.০৬.২০২৪ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি ওসমানী স্মৃতি মিলনায়তন, ঢাকা হতে উদ্বোধন করবেন। উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ কার্যক্রম উদ্বোধনের পর পরই HSP-MIS সফটওয়্যারে বিদ্যমান উপবৃত্তিপ্ৰাপ্ত ৬ষ্ঠ থেকে ১২শ ও সমমান শ্রেণির সুবিধাভোগী শিক্ষার্থী/অভিভাবকের অনলাইন ব্যাংক ও মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বরে (নগদ, বিকাশ, রকেট, শিওরক্যাশ, উপায় এবং এমক্যাশ) জুলাই-ডিসেম্বর/২৩ এবং জানুয়ারি-জুন/২০২৪ কিস্তির উপবৃত্তি এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অনলাইন ব্যাংক একাউন্ট নম্বরে টিউশন ফি'র অর্থ G2P পদ্ধতিতে প্রেরণ করা শুরু হবে। উপবৃত্তিপ্ৰাপ্ত সকল শিক্ষার্থী/অভিভাবকের সংশ্লিষ্ট একাউন্টে বিতরণকৃত অর্থ জমা হওয়ার পর পরই উত্তোলনের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ থেকে MFS কর্তৃক নির্ধারিত ক্যাশ আউট চার্জ কর্তন করা হবে না। ক্যাশ আউট চার্জের অর্থ সংশ্লিষ্ট মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডার কর্তৃক উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থী/অভিভাবকের একাউন্ট নম্বরে প্রদান করা হবে।

উক্ত বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

(মোহাম্মদ আসাদুল হক)  
স্কিম পরিচালক (যুগ্মসচিব)  
ফোন: ০২-৫৫০০২০৭৩

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
সকল উপজেলা/থানা

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলী রোড, ঢাকা।
- ০৫। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৭। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান (উপবৃত্তির অর্থ উত্তোলনের জন্য উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থী/অভিভাবকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ০৮। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।